

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
মাদারীপুর।

তারিখ- ১৭/০৭/২০২৫ খ্রিস্টাব্দ

স্মারকনং-৩৮.০১.৩০০০.০০০.২৭.০১৩.২৫- **৮৫৫**

বিষয়ঃ জনাব জয়ন্তী নাথ(সাময়িক বরখাস্ত), সহকারী শিক্ষক, কালকিনি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালকিনি মাদারীপুর এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলাওআপীল) বিধিমালা, ২০১৮ এর আওতায় বিভাগীয় মামলা রুজুকরণ।

অভিযোগ নামা

যেহেতু, আপনি জনাব জয়ন্তী নাথ (সাময়িক বরখাস্ত), সহকারী শিক্ষক, কালকিনি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালকিনি মাদারীপুর, হিসেবে কর্মরত আছেন।

যেহেতু, আপনি ২৪/০২/২০২৫ খ্রি. তারিখ হতে অননুমোদিতভাবে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন।

যেহেতু প্রধান শিক্ষককে আপনি লিখিত বা মৌখিকভাবে অনুপস্থিতির বিষয়টি অবগত করেন নাই।

যেহেতু উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর এর স্মারক নং উশিঅ/কাল/মাদারী/২০২৫/৪৩৭ তারিখ: ১৯/০৫/২০২৫ খ্রি. মোতাবেক আপনাকে কৈফিয়ত তলব করেন।

যেহেতু উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর এর স্মারক নং উশিঅ/কাল/মাদারী/২০২৫/৬২৯ তারিখ: ৩০/০৫/২০২৫ খ্রি. মোতাবেক পুনরায় আপনাকে কৈফিয়ত তলব করেন।

যেহেতু আপনি উক্ত কৈফিয়ত তলবের কোন জবাব প্রদান করেন নাই।

যেহেতু আপনি একটানা ৬০(ষাট) দিনের অধিক সময় অননুমোদিতভাবে আপনার কর্মস্থলে অনুপস্থিত আছেন।

যেহেতু আপনার এরূপ অননুমোদিত অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণ ও পলায়নের শামিল।

সেহেতু, আপনার বিরুদ্ধে দীর্ঘদিন অননুমোদিত অনুপস্থিতির কারণে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করা হলো।

এবং একই বিধিমালার, বিধি, ৪ এর (৩) উপবিধি (১) এর (ঘ) মোতাবেক আপনাকে কেন চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, তার লিখিত জবাব এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনের জন্য ব্যক্তিগত শুনানী দিতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করতে বলা হলো।

যে অভিযোগের উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হলো তার একটি অভিযোগবিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

মোঃ সাইফুল ইসলাম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মাদারীপুর

প্রাপকঃ জনাব জয়ন্তী নাথ (সাময়িক বরখাস্ত)
সহকারী শিক্ষক
কালকিনি মডেল সপ্রাবি
কালকিনি, মাদারীপুর।

স্মারকনং-৩৮.০১.৩০০০.০০০.২৭.০১৩.২৫- **৮৫৫/১(৩)**

তারিখ- ১৭/০৭/২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর। (মামলাটি পরিচালনায় তিনি নিজে অথবা একজন উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে নথি উপস্থাপনে সহযোগিতা করার অনুরোধসহ।)
- ২। উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার, সদর ক্লাস্টার, কালকিনি, মাদারীপুর।
- ৩। প্রধান শিক্ষক, কালকিনি মডেল সপ্রাবি, কালকিনি, মাদারীপুর।
- ৪। সংরক্ষণনথি।

মোঃ সাইফুল ইসলাম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মাদারীপুর।
১৭/৭/২০২৫


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মাদারীপুর।
www.dpe.maderpur.gov.bd

অভিযোগ বিবরণী

যেহেতু জনাব জয়ন্তী নাথ(সাময়িক বরখাস্ত) সহকারী শিক্ষক, কালকিনি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালকিনি, মাদারীপুর এ কর্মরত আছেন। যেহেতু, তিনি ২৪/০২/২০২৫ তারিখ হতে অননুমোদিতভাবে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন। তাকে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুরের স্মারক নং উশিঅ/কাল/মাদারী/২০২৫/৪৩৭, তারিখ: ১৯/০৫/২০২৫ খ্রি. মোতাবেক কৈফিয়ত তলব করা হয়। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুরের স্মারক নং উশিঅ/কাল/মাদারী/২০২৫/৬২৮, তারিখ: ৩০/০৬/২০২৫ খ্রি. মোতাবেক কৈফিয়ত তলব করা হয়। তিনি কৈফিয়তের কোন জবাব প্রদান করেন নাই। তিনি তার অনুপস্থিতির বিষয় প্রধান শিক্ষককেও অবগত করেন নাই।

তার এরূপ কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর দন্ডবিধি ৩ এর (খ) মোতাবেক দায়িত্বের প্রতি অসদাচরণ ও পলায়নের শামীল।

এ অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ দন্ডবিধি ৩ এর (খ) ও ৩(গ) ধারা মোতাবেক বিভাগীয় মামলা রুজু করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।


মোঃ সাইফুল ইসলাম

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মাদারীপুর।

ফোনঃ ০২৪৭৮৮১০৩৯৪

Email: dpeomader@gmail.com

